# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মেহেরপুর।
ই-মেইলঃ xenmeherpurbwdb@gmail.com

Office of the Executive Engineer
Meherpur W.D Division
BWDB, Meherpur
E-mail: xenmeherpurbwdb@gmail.com

স্মারক নং-ই-২/৩৪৯ তারিখঃ ২৬/১০/২০২১ খ্রিঃ

**২০২১-২২ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র অধীন মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বাঁধ মেরামত/পুনরাকৃতিকরন, নদী/খাল খনন/পুনঃখনন, অফিস ভবন মেরামত ইত্যাদি কাজ ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পন্য সরবরাহের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। এমতাবস্থায় অত্র দপ্তরের আওতায় উক্ত দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ঠিকাদারগণকে তালিকাভুক্তি/নবায়নের নিমিত্ত আবেদনপত্র সংগ্রহের আহবান করা হচ্ছে।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে। |
| ৫। | আবেদন ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর)। |
| ৬। | আবেদনপত্র দাখিল | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপর এর দপ্তর। |
| ৭। | আবেদনপত্র প্রাপ্তির স্থান | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপর এর দপ্তর। |
| ৮। | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | **১৫/১১/২০২১ খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকা।** (ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্দ্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।) |

উল্লেখ্য যে, ২০২০-২১ অর্থবছরে অত্র দপ্তরের আওতাধীন অধিক্ষেত্রে নিবন্ধিত ঠিকাদারগনকে ২০২১-২২ অর্থবছরের জন্য নিবন্ধন নবায়নের জন্য অনুরোধ করা হলো। ২০২১-২২ অর্থবছরে নিবন্ধন নবায়ন ব্যতিত ঠিকাদারগন দরপত্রে অংশগ্রহন করতে পারবেন না। ঠিকাদারের আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক প্রাথমিক তালিকা প্রকাশিত হওয়ার পর নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (টাকা পাচ হাজার মাত্র) এবং নবায়ন ফি বাবদ ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) (প্রযোজ্য ক্ষেত্রে) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট চালানের মুলকপি অত্র দপ্তরে দাখিল করতে হবে।

নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণদর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/১০/২১

(মোঃ শাহীনুজ্জামান)
পরিচিতি নং-৬৪০১৩০০০৩
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং- ই-২/৩৪৯/১(১১) তারিখঃ ২৬/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২. তত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৩. তত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই সি টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপাউবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা প্রশাসক, মেহেরপুর।
৭. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
৮. উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
৯-১০. প্রাক্কলনিক/সহকারী হিসাব রক্ষক, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
১১. অফিস কপি।

২৬/১০/২১

নির্বাহী প্রকৌশলী
মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মেহেরপুর।

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২১-২০২২ অর্থবছরের (সীমিত দরপত্র পদ্ধতি) ঠিকাদার নিবন্ধন/নবায়নের প্রক্রিয়াঃ**

১. মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর এর অধীন ২০২১-২০২২ অর্থবছরের (সীমিত দরপত্র পদ্ধতি) ঠিকাদার নিবন্ধন/নবায়নের জন্য ৫০০/- (টাকা পাঁচশত মাত্র) ব্যাংকের মাধ্যমে জমা প্রদান করে অত্র দপ্তর থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

২. আবেদন ফরম সংগ্রহ করার পর তা যথাযথভাবে পূরন করে অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে। সফলভাবে আবেদন ফরম জমা দেওয়ার পর অবশ্যই জমা রিসিট সংগ্রহ করতে হবে। **রিসিটটি ঠিকাদারগনকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। রিসিট ব্যতিত পরবর্তিতে কোন ধরনের অভিযোগ বা আপত্তি গ্রহনযোগ্য হবে না।**

৩. আবেদন ফরম যাচাই-বাছাই এবং মুল্যায়ন করার পর ঠিকাদারগনের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে। প্রাথমিক তালিকা প্রকাশিত হওয়ার পর চূড়ান্ত নিবন্ধন/নবায়নের জন্য নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (টাকা পাঁচ হাজার মাত্র) এবং নবায়ন ফি বাবদ ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) (যার ক্ষেত্রে যেটা প্রযোজ্য) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট (কোড-১-১১৩৩-০০০৫-০৩১১) চালানের মুলকপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। পরবর্তীতে চূড়ান্ত নির্বাচিত ঠিকাদারগনকে অত্র দপ্তর থেকে নিবন্ধন বই প্রদান করা হবে।

**আবেদনপত্রের সাথে সংযুক্ত দলিলাদির তালিকা**

| Sl | Documents (**updated**) |
|---|---|
| 1 | Application Form |
| 2 | Trade License (Photocopy attested) |
| 3 | Vat registration certificate (Photocopy attested) |
| 4 | Income Tax (TIN) Certificate (Photocopy attested) |
| 5 | Bank Solvency Certificate (Minimum Tk. 20 lakhs for Works and Tk. 2.5 lakhs for goods.) |
| 6 | Citizenship certificate (of owner) (Photocopy attested) |
| 7 | Copy of NID (Photocopy attested) |
| 8 | Affidavit confirming legal capacity |
| 9 | Affidavit /certificate of incorporation (If aplicable) |
| 10 | Bank Draft / Pay Order |
| 11 | Photograph (3 copy PP size) (attested) |

| | |
|---|---|
| ১. আবেদন ফি - ৫০০/-(টাকা পাঁচশত মাত্র) | যেকোন তফসিলি ব্যাংক হতে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। |
| ২. নিবন্ধন ফি ৫০০০/- (টাকা পাঁচহাজার মাত্র) | |
| ৩. নবায়ন ফি ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) | |
| ৪. নিবন্ধন ফি এর ভ্যাট বাবদ (১৫%) ৭৫০/-(টাকা সাতশত পঞ্চাশ মাত্র) | **চালান কোড-১-১১৩৩-০০০৫-০৩১১** |
| ৫. নবায়ন ফি এর ভ্যাট বাবদ (১৫%) ৩০০/- (টাকা তিনশত মাত্র) | |

আবেদনপত্র বিতরন, গ্রহন তালিকা প্রকাশ এবং নিবন্ধন বই বিতরনের সম্ভাব্য তারিখঃ

| ক্রঃ নং | আবেদনপত্র বিতরণের সময়সীমা | আবেদনপত্র জমাদানের সময়সীমা | প্রাথমিক তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ | নিবন্ধন বা নবায়নের ফি জমাদানের সময়সীমা | নিবন্ধন বই বিতরনের সম্ভাব্য সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২৮/১০/২০২১ থেকে ১৪/১১/২০২১ | ৩১/১০/২০২১ থেকে ১৫/১১/২০২১ | ১৮/১১/২০২১ | ২১/১১/২০২১ থেকে ২৮/১১/২০২১ | ০১/১২/২০২১ থেকে ০৯/১২/২০২১ | |

**বিঃদ্রঃ** **১. দরপত্রে অংশগ্রহনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবশ্যই ই-জিপিতে (www.eprocure.gov.bd) হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।**

২. আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র অবশ্যই উপরে উল্লেখিত তালিকা অনুযায়ী দাখিল করতে হবে।

২১/১০/২১

(মোঃ শাহীনুজ্জামান)
পরিচিতি নং-৬৪০১৩০০০৩
নির্বাহী প্রকৌশলী
মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মেহেরপুর।